# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬১৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো তার সকল উপায়-উপকরণে তাওবার সাথে লেগে থাকা

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ لُزُومِ التَّوْبَةِ فِي جَمِيعِ أَسْبَابِهِ

আরবী

618 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ مَحْمُودِ بْنِ عَدِيٍّ ـ بِنَسَا ـ قَالَ: حَدَّثَنَا حُمَيْدُ بْنُ زَنْجُوَيْهِ قَالَ: حَدَّثَنَا أَبُو مُسْهِرٍ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ عَنْ رَبِيعَةَ بْنِ يَزِيدَ عَنْ أَبِي إِدْرِيسَ الْخَوْلَانِيِّ عَنْ أَبِي ذَرٍّ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ اللَّهِ تَبَارَكَ وَتَعَالَى قَالَ: (يَا عِبَادِي إِنِّي حَرَّمْتُ الظُّلْمَ عَلَى نَفْسِي وَجَعَلْتُهُ بَيْنَكُمْ مُحَرَّمًا فَلَا تَظَّالَمُوا يَا عِبَادِي إِنَّكُمْ تُخْطِئُونَ بِاللَّيْلِ وَالنَّهَارِ وَأَنَا الَّذِي أَغْفِرُ الذُّنُوبَ وَلَا أُبَالِي .... ) فَذَكَرَهُ بِطُولِهِ وَقَالَ فِي آخِرِهِ: وَكَانَ أَبُو إِدْرِيسَ إِذَا حَدَّثَ بِهَذَا الْحَدِيثِ جَثَا عَلَى رُكْبَتَيْهِ.

الراوي : أَبو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 618 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬১৮. আবু যার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, মহান আল্লাহ বলেছেন “হে আমার বান্দাগণ, নিশ্চয়ই আমি নিজের উপর যুলমকে হারাম করে নিয়েছি এবং তোমাদের উপরও তা হারাম করে দিয়েছি। অতএব তোমরা পরস্পরে যুলম করবে না। হে আমার বান্দাগণ, তোমরা দিবারাত্রি ভুল করে থাকো, আর আমি সমস্ত গোনাহ ক্ষমা করে দেই। এতে আমি মোটেও পরোয়া করি না।... অতঃপর রাবী দীর্ঘ হাদীস বর্ণনা করেন। হাদীসের শেষাংশে বলেন: “যখন আবু ইদরীস এই হাদীস বর্ণনা করতেন, তখন তিনি হাঁটু গেড়ে বসে পড়তেন!”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৫৭৭; আদাবুল মুফরাদ: ৪৯০; হাকিম: ৪/২৪১; আত তায়ালিসী: ৪৬৩; মুসনাদ আহমাদ:

৫/১৬০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০২৭২; ইবনু মাজাহ: ৪২৫৭।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৬১৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89120

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন